Tafsele-1

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**
**বাংলাদেশ, ঢাকা**
**www.dshe.gov.bd**

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-৪৩ তারিখ :-১৮/০১/২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়:- রাজস্ব খাতভূক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী)] শিক্ষার্থীদের আবেদনপত্র দাখিল ও অগ্রায়ন প্রসংগে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখঃ ০৪/০২/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী(হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী(দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে আগ্রহী শিক্ষার্থীরা আগামী ১০/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে ফরম সংগ্রহপূর্বক নিজ নিজ প্রতিষ্ঠানে জমা প্রদান করবে।

একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদনপত্রসমূহ ঢাকা(মিরপুর) অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) এর কার্যালয়ে এবং একাদশ হতে স্নাতকোত্তর শ্রেনীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের আবেদনপত্র বর্ণিত আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে অগ্রায়ন/প্রেরণ করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা কার্যালয়ে এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হয় না।তাই শিক্ষার্থী কিংবা শিক্ষা প্রতিষ্ঠান থেকে আবেদনপত্র দাখিল করা হলে বাতিল বলে গণ্য হবে।

বিঃদ্রঃ

একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণিতে বিশ্ববিদ্যালয় অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য 'ফরম নং-০২' পূরণ করে আঞ্চলিক উপ পরিচালক/পরিচালক ঢাকা এর কার্যালয়ে প্রতিষ্ঠান প্রধানগণ আবেদনপত্র অগ্রায়ণ করবেন।

- **শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠানের নিকট আবেদন জমা দানের শেষ তারিখঃ ১০/০৩/২০২৪ খ্রিঃ**
- **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে উক্ত আবেদন ফরম ডাউনলোডপূর্বক শিক্ষার্থীদের মাঝে** বিতরণ/সংগ্রহ করা যাবে।

সংযুক্তি : আবেদন 'ফরম নং-০২'।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
তারিখ: ১৮-০১-২০২৪ খ্রিস্টাব্দ

স্মারকনম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-৪৩/৯
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যর্থে অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়

স্বাক্ষরিত/-১৪/০১/২০২৪
(কামরুন নাহার)
সহকারি পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

স্মারক নং-রেজিস্ট্রার/শিক্ষা-৫/২০৮(ক)/- ৫৬৭০৬ - ৩ি৮ তারিখ :- ১৪/১০/১৪৩০ ; ২৮/১/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

১। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়
২। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।

উপবৃত্তির জন্য আগ্রহী ছাত্র-ছাত্রীদের স্ব স্ব পরিচয়পত্র দেখিয়ে এক কপি আবেদন ফরম রেজিস্ট্রার অফিসের শিক্ষা-৫ (রুমনং ২০৮-ক) থেকে সংগৃহিত আবেদন ফরমটির একটি ফটোকপি করে ফরমে উল্লেখিত নির্দেশাবলী মোতাবেক দুইকপি আবেদন ফরম সঠিকভাবে এবং স্বহস্তে (দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী ব্যতিত) পূরণ করে ফরমের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সকল কাগজপত্র (একপ্রস্থ) সংযোজিত করে আগামী **১০-০৩-২০২৪ তারিখের মধ্যে** নিম্নে স্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। উল্লেখ্য যে অসম্পূর্ণ কোন দরখাস্ত ঢাকা অঞ্চল (মাধ্যমিক) মিরপুরে পাঠানো হবে না।

website & notice board
28.1.24

অধ্যাপক ড. জাফর আহমেদ খান
চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

২৮/১/২৪
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়।
ফোন ঃ-০১৭১১০৫৮৩৩৭